# ভূমিকাঃ

বর্তমান কৃষিতে আধুনিক প্রযুক্তি ব্যবহার ও বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাতের আবাদ বৃদ্ধি পেয়েছে। সেচযন্ত্র ও সেচ এলাকা বৃদ্ধি পাওয়ায় দানাদার ফসল, ডাল ও তেল জাতীয় ফসলের পাশাপাশি সারা বছরই বিভিন্ন ধরনের শাকসবজি আবাদ হচ্ছে। ফলে স্থানীয় চাহিদা মিটিয়ে বিভিন্ন প্রকার সবজি ও মসলা ফসল অন্যত্র সরবরাহ করে প্রচুর অর্থ আয় হচ্ছে। মাদারীপুর সদর উপজেলার অধিকাংশ কৃষি জমিতে প্রধান ফসল ধান, গম, পাট, সরিষা, মসুর, খেসারী, পেঁয়াজ, রসুন, ধনিয়া ও কালোজিরা চাষ করা হয়। কিন্তু বিভিন্ন কৃষি উপকরণ অর্থাৎ বীজ, সেচ ও শ্রমিকের দুর্মূল্য ও দুষ্প্রাপ্যতার কারণে এ সকল ফসলের আবাদ আশানুরূপ লাভজনক হচ্ছে না। একদিকে মূলধনের স্বল্পতায় অধিকাংশ কৃষক জমিতে সুষম মাত্রায় সার প্রয়োগ করতে পারছে না অন্যদিকে সময় অনুযায়ী ফসলের সঠিক পরিচর্যাও করতে পারছে না, ফলে বঞ্চিত হচ্ছেন কাঙ্খিত ফলন পেতে। অধিকন্তু, উৎপাদিত ফসলের ন্যায্য বাজার মূল্য না পেয়ে কৃষকগণ ক্রমেই মূলধন হারিয়ে নিঃস্ব হচ্ছেন। এ ছাড়াও রয়েছে প্রকৃতির বৈরী আচরণ। শীতকালে শীত নেই, বর্ষায়ও নেই বৃষ্টির দেখা, বিলম্বিত হচ্ছে রোপা আমন আবাদ, ব্যহত হচ্ছে রবি ফসল উৎপাদন।

ঢাকা বিভাগের দক্ষিণে অবস্থিত মাদারীপুর জেলার অন্তর্গত মাদারীপুর সদর উপজেলার দক্ষিণ বিধৌত পলল ভূমি অঞ্চল এবং ১২, ১৪, ও ১৯ নং কৃষি পরিবেশ অঞ্চল (এইজেড) এর অন্তর্গত ১৫টি ইউনিয়ন ০১টি পৌরসভা নিয়ে গঠিত ২৮৩.২৭ বর্গ কিলোমিটার আয়তনের এই উপজেলার বর্তমান জনসংখ্যা প্রায় ৩০৮০৪৩ জন(জনশুমারী ও গৃহগণনা ২০২১) এবং মোট কৃষি পরিবারের সংখ্যা ৫১,১৯৭।

মাদারীপুর সদর কৃষিজ উৎপাদনের ঝুঁকির মধ্যে রয়েছে বন্যা, খরা এবং সেচের পানির সমস্যা। ভূগর্ভস্থ সেচের পানির সুবিধা সীমিত থাকায় এবং জানুয়ারীর মাঝামাঝী হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত বিভিন্ন খালে জোয়ারের পানি না ওঠার কারণে প্রতি বছর বেশ কিছু এলাকার নদী হতে ডাবল লিফটিংয়ের মাধ্যমে বোরো ফসলে সেচের ব্যবস্থা করিতে হয়। গুটি ইউরিয়া, ড্রাম সিডার ও এলসিসি ব্যবহার বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে এক দিকে উৎপাদন বৃদ্ধি ও অন্যদিকে উৎপাদন খরচ হ্রাসের বিশেষ সম্প্রসারণের কাজ জোরদার করা হয়েছে। বিভিন্ন প্রতি বন্ধকতা থাকা সত্বেও উপজেলার মাটি কৃষকের নিজস্ব সম্পদ এবং নতুন প্রযুক্তি সমূহের সমন্বয় ঘটিয়ে কৃষি সম্প্রসারণের কার্যক্রম আরও বেগবান করে কৃষি উৎপাদন বহুলাংশে বৃদ্ধির সুযোগ রয়েছে বলে আশা করা যায়। আধুনিক জাতের প্রদর্শনী স্থাপন করে মান সম্পন্ন বীজের অভাব মিটানো সম্ভব। গোবর সংরক্ষণ, খামারজাত সার, ভার্মি কম্পোস্ট ও ট্রাইকো কম্পোস্ট সার প্রস্তুতে আরও উদ্বুদ্ধ করা হলে সারের অভাব যেমন পূরণ হবে সাথে সাথে জমির উর্বরতা বৃদ্ধি পাবে এবং ফলনও বৃদ্ধি পাবে। এখানকার কৃষকরা কৃষি বিষয়ে আধুনিক প্রযুক্তি সম্পর্কে ততোটা জ্ঞাত নয়, কৃষি বিষয়ে ব্যাপক প্রশিক্ষণ প্রদান করে কৃষি প্রযুক্তি ব্যবহারে কৃষকদেরকে দক্ষ করে গড়ে তোলা সম্ভব। সর্বোপরি কৃষিতে এ পরিকল্পনা আধুনিক কৃষি প্রযুক্তির সম্প্রসারণের ফলে কৃষকদের আর্থিক অবস্থা উত্তোরোত্তর উন্নতি লাভ করবে বলে আশা করা যাচ্ছে।

ছকপত্র

রবি ২০২৩-২৪ এবং খরিপ-১, ২০২৪-২৫ এর বিভিন্ন ফসল আবাদ পরিকল্পনা প্রনয়নের জন্য উপজেলার একনজরে সাধারণ তথ্য

| ক্রঃ নংঃ | বিবরন | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | আয়তন (ব:কি:) | ২৮৩.২৭ | |
| ২. | গ্রামের সংখ্যা | ২৩৫ | |
| ৩. | মৌজার সংখ্যা | ১৫৯ | |
| ৪. | জনসংখ্যা | ৩০৮০৪৩ | |
| ৫. | (ক) ভূমিহীন কৃষি পরিবারের সংখ্যা (৫ শতাংশের কম জমি) | ১১২৫৭ | |
| ৬. | (খ) প্রান্তিক কৃষি পরিবারের সংখ্যা (৫ - ৫০ শতাংশের জমি) | ২০৯১২ | |
| ৭. | (গ) ক্ষুদ্র কৃষি পরিবারের সংখ্যা (৫০ - ২৪৭ শতাংশের কম জমি) | ১১৯৮৫ | |
| ৮. | (ঘ) মাঝারী কৃষি পরিবারের সংখ্যা (২৪৭ - ৭৪১ শতাংশের কম জমি) | ৫২৮৮ | |
| ৯. | (ঙ) বড় কৃষি পরিবারের সংখ্যা (৭৪১ শতাংশের বেশি জমি) | ৭৫৫ | |
| ১০. | **মোট কৃষি পরিবারের সংখ্যা** | ৫১১৯৭ | |
| ১১. | খুচরা সার বিক্রেতার সংখ্যা | ১১০ | |
| ১২. | কীটনাশক বিক্রেতার সংখ্যা | ৯৫ | |
| ১৩. | বিসিআইসি সার ডিলার সংখ্যা | ১৭ | |
| ১৪. | বিএডিসি সার ডিলার সংখ্যা | ৯ | |
| ১৫. | বিএডিসি বীজ ডিলার সংখ্যা | | |
| ১৬. | নার্সারীর সংখ্যা | ৪ | |
| ১৭. | সেচ যন্ত্রের সংখ্যা | ১৪৫০ | |
| ১৮. | গভীর নলকূপ | ০ | |
| ১৯. | অগভীর নলকূপ | ১০১০ | |
| ২০. | এলএলপি | ৪৪০ | |
| ২১. | আবাদযোগ্য জমি (হেঃ) | ২২৪৭০ | |
| ২২. | এক ফসলী জমি (হেঃ) | ২১৭৭ | |
| ২৩. | দুই ফসলী জমি (হেঃ) | ১৫১২৮ | |
| ২৪. | তিন ফসলী জমি (হেঃ) | ৪৮৭৮ | |
| ২৫. | তিনের অধিক ফসলি জমি (হেঃ) | ৩৮ | |
| ২৬. | পতিত জমি (হেঃ) | ৫৮৫৭ | |
| ২৭. | রবি মৌসুমে সাময়িক পতিত জমি (যদি থাকে) | ০.৫ | |
| ২৮. | খরিপ-১ মৌসুমে সাময়িক পতিত জমি (যদি থাকে) | ৬৫৬৮.৯০ | |
| ২৯. | খরিপ-২ মৌসুমে সাময়িক পতিত জমি (যদি থাকে) | ১১৩৯১.৬৭ | |
| ৩০. | নিট ফসলি জমি/আবাদি জমি (হেঃ) | ২২২২১ | |
| ৩১. | অনাবাদী জমি (হেঃ) | ২৪৯ | |
| ৩২. | মোট ফসলি জমি (হেঃ) | ৪৭২১৯ | |
| ৩৩. | ফসলের নিবিড়তার হার (%) | ২১২.৫ | |
| ৩৪. | জমি ব্যবহারের ঘনত্ব (%) (নীট জমি * ১০০)/মোট আয়তন | ৭৮.৪৪ | |

| ক্রমিক নং | প্রধান প্রধান ফসল বিন্যাস | | | | আবাদী জমির পরিমাণ (হেঃ) |
|---|---|---|---|---|---|
| | রবি | | খরিফ-১ | খরিফ-২ | ২০২২-২০২৩ |
| | খন্ড-১ | খন্ড-২ | | | |
| ১ | বোরো | | পতিত | পতিত | ১৬৫৬.৭ |
| ২ | আখ (বছর ব্যাপী) | | | | ২৪.১ |
| ৩ | ফল বাগান (বছর ব্যাপী) | | | | ৪২০.৬৫ |
| ৪ | ঘাস (বছর ব্যাপী) | | | | ৪১.৮ |
| | এক ফসলী অন্যান্য জমি | | | | ৩৩.৭৫ |
| | **এক ফসলী মোট=** | | | | **২১৭৭** |
| ৫ | সরিষা-বোরো | | পতিত | পতিত | ১৮৮৭ |
| ৬ | বোরো | | বোনা আমন | বোনা আমন | ২৬১২ |
| ৭ | বোরো | | পতিত | রোপা আমন | ১৯৭০ |
| ৮ | বোরো | | ধৈঞ্চা | ধৈঞ্চা(চলমান) | ২৩২.৫ |
| ৯ | বোরো | | পতিত | সবজি | ১২৩ |
| ১০ | বোরো | | আউশ | পতিত | ১১১.৫ |
| ১১ | মাসকলাই-বোরো | | পতিত | পতিত | ২২৯.৫ |
| ১২ | সরিষা | | পাট | পতিত | ১৯৩৫.৭ |
| ১৩ | গম | | পাট | পতিত | ১১৪৪ |
| ১৪ | গম | | পতিত | রোপাআমন | ১৫৩ |
| ১৫ | গম | | বোনা আমন | বোনা আমন | ১২৭ |
| ১৬ | গম | | তিল | পতিত | ১৬.৫ |
| ১৭ | খেসারী | | পাট | পতিত | ৫৬০.৫ |
| ১৮ | কালোজিরা | | পাট | পতিত | ২১৯ |
| ১৯ | মসুর | | পাট | পতিত | ৩১০.৫ |
| ২০ | ধনিয়া | | পাট | পতিত | ১৭১০.৫ |
| ২১ | পেঁয়াজ | | পাট | পতিত | ১৯৫ |
| ২২ | রসুন | | পাট | পতিত | ১২৯.৫ |
| ২৩ | মরিচ | | পাট | পতিত | ১০০.৫ |
| | দুই ফসলী অন্যান্য জমি | | | | ১৩৬০.৮ |
| | **দুই ফসলী মোট** | | | | **১৫১২৮** |
| ২৪ | সরিষা-বোরো | | পতিত | রোপা আমন | ২৩০.৩ |
| ২৫ | সরিষা-বোরো | | বোনাআমন | বোনাআমন | ৪৫৩.৫ |
| ২৬ | খেসারী- বোরো | | পতিত | রোপা আমন | ১৭০ |
| ২৭ | বোরো | | আউশ | রোপা আমন | ১১১ |
| ২৮ | সরিষা | | পাট | রোপা আমন | ৫৮৮ |
| ২৯ | সরিষা | | পাট | বোনাআমন | ৪১০ |
| ৩০ | খেসারী | | পাট | রোপা আমন | ২১৮.৫ |
| ৩১ | গম | | পাট | রোপা আমন | ৪০৩ |
| ৩২ | মসুর | | পাট | রোপা আমন | ৫৬০ |
| ৩৩ | ধনিয়া | | পাট | রোপা আমন | ৩৫৫.৫ |
| | তিন ফসলী অন্যান্য জমি | | | | ১৩৭৮.২ |
| | **তিন ফসলী মোট** | | | | **৪৮৭৮** |
| ৩৪ | সবজি-সবজি | | সবজি | সবজি | ২৩.৫ |
| | চার ফসলী অন্যান্য জমি | | | | ১৪.৫ |
| | **চার ফসলী মোট** | | | | **৩৮** |
| | **সর্বমোট** | | | | **২২২২১** |